



পেশাদারিত্বে বিনিয়োগ নিয়ে ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে সেমিনার

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের বিজনেস অ্যাডমিনিষ্ট্রেশন (ব্যবসায় প্রশাসন) বিভাগ ও ইনস্টিটিউট অব কন্স্ট্রাক্শন ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি) যৌথভাবে গ্রাজুয়েট শিক্ষার্থীদের জন্য 'বিনিয়োগে পেশাদারিত্ব' বিষয়ে এক সেমিনারের আয়োজন করে। ২২ মে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের এসএম নগরের আলী লেকচার গ্যালারিতে সেমিনারটি অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর, ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান। সম্মানীয় অতিথি ছিলেন যথাক্রমে আইসিএমএবির সভাপতি জামাল আহমেদ চৌধুরী এফসিএমএ এবং আইসিএমএবির সহসভাপতি মোহাম্মদ সেলিম এফসিএমএ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের বিজনেস অ্যাড ইকোনমিক্স অনুষদের ডিন অধ্যাপক ড. তানবীর আহমেদ চৌধুরী।

পি-১৭